**Bangladesh Madrasah Education Board, Dhaka.**
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

৩৭.১৬.০০০০.০০৮.২৭.০০১.১৮-০০৭৭ তারিখঃ ১৫/০৮/২০১৮ খ্রিঃ

**বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের সকল পাবলিক পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন/মডারেশন, প্রধান পরীক্ষক,পরীক্ষক এবং আলিম ব্যবহারিক পরীক্ষার এক্সটারনাল-ইন্টারনাল হিসেবে দায়িত্ব পালনে আগ্রহী শিক্ষকদের অনলাইনে আবেদন সংক্রান্ত**

# জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধিভুক্ত সকল মাদ্রাসা প্রধান ও শিক্ষকবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এখন থেকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের সকল পাবলিক পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন,মডারেশন, প্রধান পরীক্ষক,পরীক্ষক এবং আলিম ব্যবহারিক পরীক্ষার এক্সটারনাল, ইন্টারনাল হিসেবে দায়িত্ব পালনে আগ্রহী শিক্ষকদের আবেদন শুধুমাত্র অনলাইনে গ্রহনের সিদ্ধান্ত নেয়া হয়েছে। গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আসন্ন ২০১৮ সালের জেডিসি পরীক্ষা এবং ২০১৯ সালে অনুষ্ঠিতব্য দাখিল ও আলিম পরীক্ষার বিভিন্ন কাজের দায়িত্ব পালনে আগ্রহী শিক্ষকবৃন্দকে এতদসংগে সংযুক্ত নির্দেশিকা অনুসরণে নিম্নরূপ সময়সূচি মোতাবেক আবেদন করার জন্য অনুরোধ করা হলো। -

অনলাইনে আবেদন করার সময়সূচি নিম্নরূপঃ

| ক্রমিক | আবেদনের বিষয় | আবেদনের সর্বশেষ তারিখ |
|---|---|---|
| ১. | ২০১৮ সালের জেডিসি পরীক্ষার প্রধান পরীক্ষক ও পরীক্ষক | ১৫/০৯/২০১৮ |
| ২. | ২০১৯ সালের দাখিল পরীক্ষার প্রশ্নপত্র সেটার ও মডারেটর | ২০/০৯/২০১৮ |
| ৩. | ২০১৯ সালের দাখিল পরীক্ষার পরীক্ষক ও প্রধান পরীক্ষক | ৩১/১২/২০১৮ |
| ৪. | ২০১৯ সালের আলিম পরীক্ষার প্রশ্নপত্র সেটার ও মডারেটর | ৩১/১০/২০১৮ |
| ৫. | ২০১৯ সালের আলিম পরীক্ষার প্রধান পরীক্ষক ও পরীক্ষক | ৩১/০১/২০১৯ |
| ৬. | ২০১৯ সালের আলিম ব্যবহারিক পরীক্ষার অভ্যন্তরিণ ও বহিরাগত পরীক্ষক | ৩১/০১/২০১৯ |

উক্ত সময়ের পরে প্রেরিত কোন আবেদন বিবেচনা করা হবে না।

সংযুক্তি ঃ অনলাইনে আবেদনের নির্দেশিকা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
১৫.০৮.১৮
(এস.এম. মোর্শেদ বিপুল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৫৮৬১০২০২।

অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণঃ

১। অধ্যক্ষ/সুপার, (বোর্ডের অধিভুক্ত সকল মাদ্রাসা)।

২। সকল শিক্ষক (বোর্ডের অধিভুক্ত সকল মাদ্রাসা)।

৩। পি.এ.টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

৪। পি.এ.টু রেজিস্ট্রার,বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

৫। পি.এ.টু পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

৬। অফিস নথি।

**Head Office:** 2 Orphanage Road, Bakshi Bazar, Dhaka-1211. **Phone:** Chairman-58610216, Registrar-9612858, Controller of exam-58610202, Inspector-58610200, **Fax:** 58616681, 58617908. 9615576 (ICT Cell) **Email:** info@bmeb.gov.bd. **Web:** www.bmeb.gov.bd.

# প্রধান পরীক্ষক,পরীক্ষক, সেটার/মডারেটর, এবং আলিম এক্সটারনাল/ইন্টারনাল হিসেবে অনলাইনে আবেদনের নির্দেশিকা

## বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের জেডিসি, দাখিল ও আলিম শ্রেণির প্রধান পরীক্ষক,পরীক্ষক,প্রশ্ন সেটার/মডারেটর এবং আলিম ব্যবহারিক পরীক্ষার অভ্যন্তরিণ/বহিরাগত পরীক্ষক নিয়োগে আগ্রহী শিক্ষকদের অনলাইনে আবেদনের নিয়মাবলীঃ

১. সরকারি মাদ্রাসার প্রভাষক, সহকারি/সহযোগী অধ্যাপক, অধ্যাপক এবং বোর্ডের অধিভুক্ত বেসরকারী মাদ্রাসার দাখিল, আলিম, ফাযিল এবং কামিল স্তরের এমপিওভুক্ত শিক্ষকবৃন্দ এবং অধ্যক্ষ ও সুপার নিম্নোক্ত নিয়মে অনলাইনে আবেদন করতে পারবেন।


২. সরকারি মাদ্রাসায় কর্মরত শিক্ষক এবং বেসরকারী মাদ্রাসায় কর্মরত এমপিওভুক্ত যে কোন শিক্ষক জেডিসি/দাখিল/আলিম শ্রেণির পরীক্ষার প্রধান পরীক্ষক/পরীক্ষক/প্রশ্ন সেটার/মডারেটর/আলিম ব্যবহারিক পরীক্ষার অভ্যন্তরিণ/বহিরাগত পরীক্ষক এর দায়িত্ব পালনে আগ্রহী হলে তিনি তাঁর মাদ্রাসার অধ্যক্ষ/সুপার কে আবেদন করার সুযোগ দেয়ার জন্য অনুরোধ করবেন। **মাদ্রাসা প্রধান আগ্রহী শিক্ষককে আবেদনের সুযোগ দিতে বাধ্য থাকবেন।**

৩. **মাদ্রাসা প্রধান** আগ্রহী শিক্ষককের মোবাইল ফোনসহ তাকে সংগে নিয়ে অনলাইনে আবেদন করার জন্য গুগলক্রম অথবা মজিলা ব্রাউজারের মাধ্যমে নিম্নোক্ত ওয়েব লিঙ্কে লগইন করবেন-

| ওয়েব পেজ লিঙ্ক (URL) | আগত পেজের যে বাটনে ক্লিক করতে হবে |
|---|---|
| www.bmeb.gov.bd<br>এই ওয়েব পেজ এ লগইন করে ডান দিকের চিত্রের ন্যায় অনলাইন সেবাবক্সের<br>**"ই-ফাইলিং" লেখা বাটনে ক্লিক করুন** | <br><br>চিত্র ৩.১ |
| **অথবা** | |
| www.bmeb.ebmeb.gov.bd<br>এই ওয়েব পেজ এ লগইন করে আগত পেজের বামদিকে মাঝামাঝি বরাবর (ডান দিকের চিত্রের ন্যায়) **e-Filling** লেখা বাটনে ক্লিক করুন | <br> |

চিত্র ৩.২


উপরোক্ত যে কোন লিঙ্কে প্রবেশ করলে নিম্নোক্ত স্ক্রীন পাওয়া যাবে-




চিত্র ৩.৩


উপরোক্ত স্ক্রীনে মাদ্রাসা প্রধান **etif (Institute)** বাটনে ক্লিক করলে পরবর্তী পেজের চিত্রের অনুরূপ **Institure Login Panel** পেজ পাবেন। উপরোক্ত পদ্ধতি ছাড়াও ব্রাউজারের এ্যাড্রেস বারে নিম্নোক্ত লিঙ্ক ব্যবহার করে সরাসরি **Institure Login Panel** পেজ এ প্রবেশ করতে পারবেন।

http://etif.ebmeb.gov.bd/index.php/inslogin





চিত্র ৩.৪

উপরোক্ত স্ক্রীনে মাদ্রাসার **EIIN** এবং পাসওয়ার্ড (অনলাইনে **e-SIF** ও **e-FF** সহ অন্যান্য কাজ করার জন্য বোর্ড কর্তৃক সরবরাহকৃত পাসওয়ার্ড) দিয়ে **Login** বাটনে ক্লিক করলে নিম্নের নিম্নরূপ স্ত্রীন পাওয়া যাবে-




চিত্র ৩.৫

আগত উপরোক্ত স্ক্রীনের বাম দিকে **Teacher > Add New Teacher>** বাটনে ক্লিক করলে নিম্নরূপ স্ক্রীন আসবে-




চিত্র ৩.৫

**আগত উপরোক্ত স্ক্রীনে মাদ্রাসা প্রধান পর্যায়ক্রমে আবেদনে আগ্রহী শিক্ষকের নাম, পদবী** (যে পদে এমপিওভুক্ত, লিস্ট থেকে সিলেক্ট করে দিতে হবে) ও মোবাইল নম্বর এন্ট্রি করবেন । মোবাইল নম্বর এন্ট্রি করা হলে (মোবাইল নম্বর অবশ্যই আবেদনকারী শিক্ষকের নিজ নামে নিবন্ধনকৃত হতে হবে) সংগে সংগে **"মোবাইল নম্বরটি যাচাই করুন"** শীর্ষক একটি বাটন আসবে । উক্ত বাটনে ক্লিক করলে নিম্নরূপ স্ক্রীন পাওয়া যাবে-

আপনার দেওয়া (উপরের ঘরে) মোবাইল নম্বররে ৪ (চার)
ডিজিটের পিন পাঠানো হয়েছে। পিনটি নিচের ঘরে এন্ট্রি করুন।


চিত্র ৩.৬

নির্দেশনা মোতাবেক ঐ শিক্ষকের মোবাইলে প্রাপ্ত এসএসএস এর মাধ্যমে ৪ ডিজিটের একটি কোড নম্বরটি এন্ট্রি করলে, **"মোবাইল নম্বরটি যাচাই করা হয়েছে" শীর্ষক** স্ক্রীন দেখা যাবে। **পরবর্তী জয়নিং ডেট এর ঘরে আবেদনকারী শিক্ষকের এমপিওভুক্তির তারিখ দিতে হবে এবং সরকারি শিক্ষকদের ক্ষেত্রে যোগদানের তারিখ দিতে হবে। অত:পর আগ্রহী শিক্ষকের ইনডেক্স নম্বর দিয়ে সেভ বাটনে ক্লিক করলে তাৎক্ষণিক আবেদনে আগ্রহী শিক্ষক তার এন্ট্রিকৃত মোবাইল নম্বরে ক্ষুদে বার্তার মাধ্যমে আবেদন এন্ট্রির জন্য আইডি এবং পাসওয়ার্ড পাবেন।**

৪. **আবেদনকারী শিক্ষকের তথ্য এন্ট্রিঃ** মোবাইল এসএমএস এর মাধ্যমে পাসওয়ার্ড পাওয়ার পর আগ্রহী শিক্ষক তার তথ্য এন্ট্রির জন্য ইন্টারনেট ব্রাউজারে নিম্নোক্ত লিঙ্কে সরাসরি লগইন করে http://etif.ebmeb.gov.bd/index.php/tchlogin


**অথবা**

উপরে ৩ নং ক্রমিকে বর্নিত নিয়মে ৩.৩ নং চিত্রের স্ত্রীনে প্রবেশ করে **eTIF(Teacher) বাটনে ক্লিক করে নিম্নোক্ত স্ক্রীনে প্রবেশ করবেন-**




চিত্র ৪.১

**আবেদনকারী শিক্ষক উপরোক্ত স্ক্রীনের Teacher Id ঘরে তার এমপিও ইনডেক্স নম্বর এবং Password ঘরে তার মোবাইলে প্রাপ্ত পাসওয়ার্ড ইনপুট করে লগইন বাটনে ক্লিক করলে আবেদনকারী শিক্ষকের নামসহ নিম্নরূপ স্ক্রীন পাওয়া যাবে-**




চিত্র ৪.২


উপরোক্ত স্ক্রীনের **Personal Information > Edit Personal information** বাটনে পর্যায়ক্রমে ক্লিক করলে পরের পৃষ্ঠার স্ক্রীন আসবে




চিত্র ৪.৩

উপরোক্তএন্ট্রি স্ক্রীনের উপরের ২টি ব্রাউজ বাটনে ক্লিক করে পর্যায়ক্রমে আবেদনকারী শিক্ষকের স্ক্যানকৃত ছবি এবং জাতীয় পরিচয়পত্রের স্ক্যান কপি আপলোড করতে হবে । অত:পর ধারাবাহিকভাবে নীচের সকল তথ্য পূরণ করতে হবে। একইভাবে ৪.২ নং চিত্রের **Educational Information** এবং **Experience Information** বাটনে ক্লিক করে শিক্ষাগত যোগ্যতা **(যে পদে এমপিওভুক্ত শুধুমাত্র ঐ পদের প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতার তথ্য উল্লেখ করতে হবে, অতিরিক্ত অর্জিত ডিগ্রী বা সনদের তথ্য দেয়া যাবে না)** এবং অভিজ্ঞতা সম্পর্কিত তথ্য এন্ট্রি করে **Update** বাটনে ক্লিক করতে হবে। উল্লেখ্য যে, যদি কোন শিক্ষক একই শ্রেণির একাধিক কাজের জন্য যেমন জেডিসি পরীক্ষার পরীক্ষক/প্রধান পরীক্ষক, সেটার, মডারেটর ইত্যাদি কাজের জন্য আবেদন করতে চায় তবে কি বোর্ডের কন্ট্রোল কি চেপে ধরে কাঙ্খিত কাজের ধরণের উপরে ক্লিক করে একত্রেই সিলেক্ট করতে পারবেন। একইভাবে দাখিল ও আলিম শ্রেণিতেও একাধিক কাজের জন্য আবেদন করতে পারবেন। তবে মাদ্রাসা প্রধানের অনুমোদন/সম্মতি ছাড়া কোন আবেদনই গ্রহণযোগ্য হবেনা। এভাবে এন্ট্রি শেষ হলে আবেদনকারী তার আবেদনটি অনুমোদন করার জন্য মাদ্রাসা প্রধানকে অনুরোধ করবেন।

৫. মাদ্রাসা প্রধান কর্তৃক অনুমতিপ্রাপ্ত কোন শিক্ষক প্রয়োজনীয় তথ্য এন্ট্রি সম্পন্ন করে মাদ্রাসা প্রধানকে আবেদন অনুমোদনের জন্য অনুরোধ করলে মাদ্রাসা প্রধান পূর্বের ন্যায় পুনরায় **Institure Login Panel** এ **Login** করে যথাক্রমে **Teacher > All Teacher** বাটনে ক্লিক করলে নিম্নরূপ স্ক্রীন দেখা যাবে-



চিত্র ৫.১

মাদ্রাসা প্রধান আবেদনকারী শিক্ষকের নামের পাশে ডান দিকে ভিউ/এডিট বাটনে ক্লিক করে আবেদনকারী শিক্ষকের তথ্য যাচাই-বাছাই করে প্রয়োজন হলে সংশোধন করে **Approved** বাটনে ক্লিক করে আবেদন এন্ট্রির কাজ সম্পন্ন করবেন। এখানে উল্লেখ্য যে, এভাবে একাধিক শিক্ষককে আবেদনের সুযোগ দিলে মাদ্রাসা প্রধান উপরোক্ত স্ক্রীনে আবেদনকৃত সকল শিক্ষকের তালিকাই একত্রে দেখতে পারবেন এবং প্রত্যেকের আবেদন ভিউ করে তথ্যের সঠিকতা যাচাই করে আলাদা আলাদাভাবে অনুমোদন করবেন।

## আবেদন এন্ট্রিতে কোন সমস্যা বা পরামর্শের জন্য যোগাযোগ করুন ঃ

১। জনাব মোঃ জাহঙ্গীর আলম, প্রোগ্রামার ঃ ০১৭৫৭ ২৯১২৮১

২। জনাব মোঃ শাহাদাৎ হোসেন মিয়া, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রকঃ ০১৭১৫ ০৪৪৯৮০

**বিশেষ সতর্কতাঃ**

- ইবতেদায়ী স্তরে এমপিওভুক্ত কোন শিক্ষক আবেদন করতে পারবেন না।
- কোন ভুল/অসত্য তথ্য এন্ট্রি করা হলে মাদ্রাসা প্রধান দায়ী থাকবেন।
- নিম্ন স্তরে এমপিওভুক্ত শিক্ষক উপরের স্তরের/শ্রেণির কোন কাজের জন্য আবেদন করতে পারবেন না।
- মাদ্রাসা প্রধান যে শ্রেণির যে কাজের জন্য আবেদন করার অনুমতি প্রদান করেছেন শুধুমাত্র ঐ কাজের জন্যই আবেদন করতে হবে।
- আবেদনকারী শিক্ষকের নিজের নামে নিবন্ধিত মোবাইল নম্বর ব্যাতিত অন্য কোন নম্বর ব্যবহার করা যাবে না। এ বিষয়টি মাদ্রাসা প্রধান অবশ্যই নিশ্চিত করবেন।
- এমপিও ইনডেক্স নম্বর সঠিকভাবে দেয়া হয়েছে কিনা তা অবশ্যই মাদ্রাসা প্রধান যাচাই করে দেখবেন। ৫৮ বছরের অধিক বয়সের কোন শিক্ষকের আবেদন করার প্রয়োজর নাই।
- আবেদনে আগ্রহী শিক্ষককে মাদ্রাসা প্রধান আবেদনের সুযোগ দিতে বাধ্য থাকবেন।